

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬১৯
আগরতলা, ১৯ জানুয়ারি, ২০২৪

ককবরক সাল ২০২৪
সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান

জনজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে ককবরক সাল ২০২৪ উদযাপন উপলক্ষে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১ নং হলে সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর। অনুষ্ঠানের উদ্বোধন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, ককবরক ভাষা ও সংস্কৃতির বিকাশে রাজ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। পাশাপাশি ককবরক ভাষা ও সংস্কৃতির বিকাশে ককবরক ভাষীদের এগিয়ে আসতে হবে। রাজ্য, দেশ ও বিদেশের যেখানেই ককবরক ভাষীর লোকজন রয়েছেন তাদেরকেও ককবরক ভাষা ও সংস্কৃতির বিকাশে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর বলেন, ককবরক সাল উদযাপন অনুষ্ঠানে অংশ নিতে পেরে আমি আনন্দিত। ককবরক সাল উদযাপন ককবরক ভাষীদের কাছে একটি অনন্য অনুষ্ঠান। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর পূর্বাঞ্চল সহ দেশ বিকাশের পথে এগিয়ে যাচ্ছে। দেশ বিকশিত হলেও নিজেদের কৃষ্টি, সংস্কৃতি, ভাষা ও পরম্পরা ভুলে গেলে চলবে না।

অনুষ্ঠানে ককবরক সাল ২০২৪ উদযাপন উপলক্ষে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ১১ জন বিশিষ্ট ককবরক ভাষীকে সম্মাননা দেওয়া হয়। এবারের মহারাজা বীরবিক্রম স্মৃতি সম্মাননা পেয়েছেন লেখক হরিনাথ দেববর্মা। ককবরক ভাষায় বিশিষ্ট লেখক হিসেবে তাঁকে এই সম্মাননা দেওয়া হয়। ককবরক সাহিত্যে বিশেষ অবদানের জন্য রাধামোহন ঠাকুর স্মৃতি সম্মাননা পেয়েছেন বিনয় দেববর্মা। প্রখ্যাত ককবরক লেখক হিসেবে অলিন্দ্রলাল ত্রিপুরা স্মৃতি সম্মাননা পেয়েছেন লক্ষ্মীধন মুড়াসিং। মহেন্দ্র দেববর্মা স্মৃতি সম্মাননা পেয়েছেন সংগীতশিল্পী হেমন্ত কুমার জমাতিয়া। লোক সংগীত (কঠ) বিভাগে বিশেষ অবদানের জন্য লোক সংগীত সম্মাননা দেওয়া হয়েছে প্রয়াত লোকশিল্পী বুদ্ধ ত্রিপুরাকে। লোক সংগীত (যন্ত্র) বিভাগে বিশেষ অবদানের জন্য লোক সংগীত সম্মাননা পেয়েছেন সুধন্য রিয়াং। আধুনিক সংগীত সম্মাননা পেয়েছেন শিল্পী অরুণ দেববর্মা। লোকনৃত্য সম্মাননা দেওয়া হয়েছে প্রয়াত নৃত্যশিল্পী কমিনিষ্টপতি রূপিনীকে। ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সম্মানিত হয়েছেন অমরদ্বীপ দেববর্মা। ককবরক ভাষায় সাংবাদিকতার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সম্মাননা পেয়েছেন রঞ্জিত দেববর্মা। অভিনয়ের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এক্সিলেন্স ইন ককবরক এন্টারটেইনমেন্ট সম্মাননা দেওয়া হয়েছে মনোজ দেববর্মা।

অনুষ্ঠানে অতিথিগণ সম্মাননা হিসেবে তাঁদের হাতে স্মারক, মানপত্র, শাল ও চেক তুলে দেন। তাছাড়াও অনুষ্ঠানে ২০২৩ সালে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ককবরক ভাষায় সবচেয়ে বেশি নম্বর পাওয়ার জন্য ১১ জন ছাত্রছাত্রীকে বিশেষ মেধা পুরস্কার দেওয়া হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জনজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্রের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ককবরক ও অন্যান্য সংখ্যালঘু দপ্তরের অধিকর্তা রত্নজিৎ দেববর্মা। উপস্থিত ছিলেন এমডিসি সঞ্জীব রিয়াং, জনজাতি কল্যাণ দপ্তরের উপসচিব চন্দ্রজয় রিয়াং ও সমাজসেবী বিপিন দেববর্মা।
